

কাদের তুই দেশে যা

আনিসুর রহমান

শত্রুর ওপর ঝাপিয়ে পড়ার স্বভাব তোর গেল না
একাত্তরে যোদ্ধা ছিলি, তখন যৌবন ছিল -
যুদ্ধে যাবার শ্রেষ্ঠ সময়।
এখন তোর বয়স হয়েছে
তুই আর যুদ্ধে যাসনে, তুই দেশে যা।

বারো বছর তোর বউ দুয়ার ধরে দাঁড়িয়ে আছে
বারো বছর তোর মেয়ে বাবা কোথায় জানতে চেয়েছে
বারো বছর তোর ছেলে পথের দিকে তাকিয়ে -
বাবা আসবে।

শত্রুর মোকাবেলা করতে হবে না আর -
এ বয়সে সঙ্গিনের ঘা তুই সহিতে পারবি না
তুই দেশে যা।

ওঠ কাদের, স্টেশন এসে গেল -
তুই এখনো শাদা চাদর মুড়ি দিয়ে শুয়ে থাকবি!
তোকে দেখার জন্য কত মানুষ -
তোর ভালবাসার মাটি -
একবার কাছে যা -
বুকে জড়িয়ে ধরে বল - লব্বায়েক, লব্বায়েক
আমি এসেছি, আমি এসেছি

